# ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ৩য় সংখ্যা | ৩ ফাল্গুন ১৪২৩, ১৫ ফেব্রুয়ারি ২০১৭


## মাতৃভাষা দিবস উপলক্ষে ভাষা পদযাত্রা




ঢাকা বিশ্ববিদ্যালয় ভাষাবিজ্ঞান বিভাগের উদ্যোগে গত ১ ফেব্রুয়ারি ২০১৭ অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এক ভাষা পদযাত্রা বের করা হয়। বর্ণাঢ্য এই পদযাত্রার উদ্বোধন ও নেতৃত্ব দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। পদযাত্রাটি অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শুরু হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে শেষ হয়। এ সময় কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেন, ভাষাবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার রহমানসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকতাগণ উপস্থিত ছিলেন। এই পদযাত্রার মধ্য দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০১৭ উদ্‌যাপন কর্মসূচীর উদ্বোধন করা হলো।

### দু'দিন- ব্যাপী সংগীত উৎসব

## জনগণকে ঐক্যবদ্ধ করার ক্ষেত্রে সংগীত অত্যন্ত শক্তিশালী মাধ্যম -উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের উদ্যোগে দু'দিনব্যাপী সংগীত উৎসব গত ২৪ জানুয়ারি ২০১৭ অনুষ্ঠিত হয়েছে। এ বছর উৎসবের প্রতিপাদ্য ছিল "বিশ্ববন্ধনে সংগীত"। ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক বর্ণাঢ্য অনুষ্ঠানে



উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

সংগীত বিভাগের চেয়ারপার্সন ড. মহসিনা আক্তার খানমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে সংস্কৃতি মন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো: দেলোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সংস্কৃতি মন্ত্রী আসাদুজ্জামান নূর এমপি সুস্থ সমাজ গঠনে ঘরে ঘরে সংস্কৃতি চর্চার ওপর গুরুত্বারোপ করে বলেন, শিশুদের সংস্কৃতি বিষয়ে আগ্রহী করে তোলার ক্ষেত্রে অভিভাবকদের যথাযথ দায়িত্ব পালন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সাংস্কৃতিক চর্চা বাড়াতে হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, জনগণকে ঐক্যবদ্ধ করার ক্ষেত্রে সংগীত অত্যন্ত শক্তিশালী মাধ্যম। ১৯৭১ সালে যুক্তরাষ্ট্রে আয়োজিত জর্জ হ্যারিসনের কনসার্ট-এর প্রসঙ্গ উল্লেখ করে তিনি বলেন, ওই কনসার্টের মাধ্যমেই মহান মুক্তিযুদ্ধের পক্ষে বিশ্ব জনমত গড়ে উঠেছিল। বাংলা ভাষার সম্মান ও মর্যাদা রক্ষায় নিজ নিজ অবস্থান থেকে কাজ করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

উদ্বোধনী অনুষ্ঠানে দেশের ১২জন বিশিষ্ট শিল্পীকে সম্মাননা প্রদান করা হয়। সম্মাননাপ্রাপ্তরা হলেন- কুটি মনসুর, আব্দুল গফুর হালি, অমরেশ রায় চৌধুরী, সাইদুর রহমান বয়াতি, আব্দুল জব্বার, ফজল-এ-খোদা, খালিদ হোসেন, সুজেয় শ্যাম, মো: খুরশিদ আলম, লাকি আখন্দ, পাপিয়া সারোয়ার এবং শাম্মী আক্তার। এছাড়া, ২০১৫ সালের বিএ সম্মান পরীক্ষায় প্রথম স্থান অধিকার করায় সংগীত বিভাগের শিক্ষার্থী পার্থ প্রতীম মিত্রকে নীলুফার ইয়াসমীন স্মারক বৃত্তি প্রদান করা হয়। বাংলাদেশ, ভারত, চীন ও ফ্রান্সের বিশিষ্ট শিল্পীরা উৎসবে অংশগ্রহণ করেন।

সমাপনী অনুষ্ঠানে মন্ত্রী পরিষদ বিভাগের সমন্বয় ও সংস্কার সচিব এন এম জিয়াউল আলম প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন।

## প্রবীণ পার্লামেন্টারিয়ান সুরঞ্জিত সেনগুপ্তের মৃত্যুতে উপাচার্যের শোক



ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র এবং প্রবীণ রাজনীতিবিদ ও আওয়ামীলীগের উপদেষ্টা পরিষদের সদস্য সুরঞ্জিত সেনগুপ্ত-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, 'এদেশের রাজনীতির ইতিহাসে সুরঞ্জিত সেনগুপ্ত এক অনন্য ব্যক্তিত্ব। তরুণ বয়স থেকেই তিনি রাজনীতির সঙ্গে যুক্ত থেকে রাজনীতিকে নিয়েছিলেন ব্রত হিসেবে। তিনি শুধু একজন দক্ষ পার্লামেন্টারিয়ান ছিলেন না, বাংলাদেশ রাষ্ট্রের সংবিধান প্রণয়ন ও অনুমোদনে রেখেছেন বিশেষ ভূমিকা। সংসদীয় রাজনীতির ইতিহাসে তাঁর অসামান্য অবদান দেশবাসীর কাছে স্মরণীয় হয়ে থাকবে। তাঁর মৃত্যুতে জাতি এক উজ্জ্বল নক্ষত্রকে হারালো। উপাচার্য প্রয়াত নেতার আত্মার শান্তি কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

সুরঞ্জিত সেনগুপ্ত ১৯৪৬ সালে সুনামগঞ্জের দিরাইয়ের আনোয়ারাপুরে জন্মগ্রহণ করেন। প্রবীণ এই পার্লামেন্টারিয়ান দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম, সপ্তম, অষ্টম, নবম ও দশম জাতীয় সংসদসহ মোট সাতবার সংসদ সদস্য নির্বাচিত হন। ১৯৯৬ সালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সংসদ বিষয়ক উপদেষ্টা ছিলেন। ২০০৮ সালে বাংলাদেশ সরকারের রেল মন্ত্রী হিসেবে তিনি দায়িত্ব পালন করেন।

### অ্যালামনাই এসোসিয়েশনের বৃত্তি পেল ৭০০জন শিক্ষার্থী

## বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হতে হবে-উপাচার্য

ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই এসোসিয়েশনের উদ্যোগে গত ২৬ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১ম ও ২য় বর্ষ অনার্সের ৭০০ জন মেধাবী, অসচ্ছল ও প্রতিবন্ধী শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অর্থ মন্ত্রী এবং এসোসিয়েশনের প্রাক্তন সভাপতি আবুল মাল আবদুল মুহিত। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও অ্যালামনাইয়ের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্ণর এস. কে. সুর চৌধুরী ছিলেন অনুষ্ঠানের অতিথি বক্তা। এসোসিয়েশনের সভাপতি এ. কে. আজাদের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন এসোসিয়েশনের সিনিয়র সহসভাপতি এডভোকেট মোল্লা মোহাম্মদ আবু কাওসার ও আনোয়ারুল আলম পারভেজ। অনুষ্ঠান সঞ্চালন করেন অ্যালামনাই এসোসিয়েশনের মহাসচিব রঞ্জন কর্মকার। এতে এসোসিয়েশনের সহ সভাপতি শাইখ সিরাজ অর্থমন্ত্রীর বর্নাঢ্য জীবন বৃত্তান্ত উপস্থাপন করেন। অনুষ্ঠানে অনুদান দাতাদের মধ্যে বেক্সিমকোর চেয়ারম্যান এ. এস. এফ. রহমান, ইস্টার্ন ব্যাংকের সিইও আলী রেজা ইফতেখার, সিটি গ্রুপের চেয়ারম্যান ফজলুর রহমান ও নয়ারের ব্যবস্থাপনা পরিচালক শবনম শাহনাজ চৌধুরী শুভেচ্ছা বক্তব্য রাখেন এবং কয়েকজন শিক্ষার্থীর হাতে বৃত্তির চেক তুলে দেন।




প্রধান অতিথির বক্তৃতায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত অ্যালামনাই এসোসিয়েশনের উদ্যোগকে স্বাগত জানান। ১৯৪৮ থেকে ১৯৬০ সাল পর্যন্ত এসোসিয়েশনের কার্যক্রমের স্মৃতিচারণ করে তিনি বলেন দেশের উন্নয়নের জন্য সবাইকে শিক্ষিত করার কোন বিকল্প নেই।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অর্থমন্ত্রীর ৮৪তম জন্ম বার্ষিকীতে শুভেচ্ছা জানিয়ে বলেন, এই বিশ্ববিদ্যালয়ের একজন মেধাবী ছাত্রের দেশের প্রতি অবদান ও বর্ণাঢ্য কর্মজীবন নতুন প্রজন্মের ছেলেমেয়েদের অনুপ্রেরণার উৎস হতে পারে। বিশ্ববিদ্যালয়ে একজন শিক্ষার্থী ভর্তি হয়ে শুধুমাত্র অর্থের অভাবে যেন লেখাপড়া বন্ধ না হয়ে যায়- অ্যালামনাই এসোসিয়েশনের এমন উদ্দেশ্য ও পদক্ষেপ বিশ্ববিদ্যালয়ের ৯৬-৯৭ বছরের ইতিহাসে এই প্রথম। এই উদ্যোগের জন্য অ্যালামনাইদের ধন্যবাদ জানান উপাচার্য। বিগত বছরগুলোতে বিশ্ববিদ্যালয়ের বিদ্যায়তনিক বহু কার্যক্রম সম্প্রসারিত হয়ে ইতিমধ্যেই ৯৫টি বিভাগ ও ইনস্টিটিউটে উপনীত হয়েছে। তিনি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গঠনের লক্ষ্যে নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হতে হবে।

এসোসিয়েশনের সভাপতি এ. কে. আজাদ পুরো বৃত্তি প্রক্রিয়াটি ব্যাখ্যা করেন। তিনি জানান ১১০০ শিক্ষার্থী বৃত্তির জন্য আবেদন করে, সাক্ষাৎকার নিয়ে তার মধ্যে ৭০০ জন শিক্ষার্থীকে বৃত্তির জন্য চূড়ান্ত করা হয়।

## উদ্ভিদবিজ্ঞান অ্যালামনাই এসোসিয়েশনের পুনর্মিলনী



ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদবিজ্ঞান অ্যালামনাই এসোসিয়েশনের দ্বিতীয় পুনর্মিলনী অনুষ্ঠান গত ২৮ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কার্জন হল মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক পুনর্মিলনীর উদ্বোধন করেন।

অনুষ্ঠানে মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকিকে সম্মাননা প্রদান করা হয়। এতে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং উদ্ভিদবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. এ জেড এম নওশের আলী খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উদ্ভিদবিজ্ঞান অ্যালামনাই এসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ড. কাজী আবদুল ফাত্তাহ্।




*জাতিসংঘ ঘোষিত বিশ্ব আন্তঃধর্মীয় সম্প্রীতি সপ্তাহ (ফেব্রুয়ারি ১-৭) উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগ এবং আন্তঃধর্মীয় ও আন্তঃসাংস্কৃতিক সংলাপ কেন্দ্র-এর যৌথ উদ্যোগে গত ২ ফেব্রুয়ারি ২০১৭ সপ্তাহব্যাপী কর্মসূচীর উদ্বোধন করা হয়েছে। অপরাজেয় বাংলার পাদদেশ থেকে বর্ণাঢ্য 'আন্তঃধর্মীয় সম্প্রীতি র‍্যালি'র উদ্বোধন ও নেতৃত্ব দেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।*



ঢাকা বিশ্ববিদ্যালয় ৪৮তম 'আন্তঃহল অ্যাথলেটিকস্ প্রতিযোগিতা-২০১৭'-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ৩০ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দু'দিনব্যাপী এই বর্ণাঢ্য প্রতিযোগিতার উদ্বোধন করেন। এসময় আন্তঃহল অ্যাথলেটিকস্ কমিটির সভাপতি অধ্যাপক ড. নিজামুল হক ভূইয়া উপস্থিত ছিলেন।



শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৯ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন।

## ফাদার সিলভানো গারেল্লোর মৃত্যুতে উপাচার্যের শোক

বিশিষ্ট লেখক, গবেষক, অনুবাদক ও ঢাকার স্থাপত্য বিষয়ক গ্রন্থ প্রণয়ন কমিটির অন্যতম সংগঠক ফাদার সিলভানো গারেল্লো-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য ও ঢাকার স্থাপত্যবিষয়ক গ্রন্থ প্রণয়ন কমিটির চেয়ারম্যান অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ফাদার সিলভানো গারেল্লো-এর মৃত্যুতে ইউরোপীয় ভাষার শিলালিপি বিষয়ে গ্রন্থ প্রণয়নের কাজে অপূরণীয় ক্ষতি হলো। একই সাথে বাংলাদেশ হারাল বাংলা ভাষা অনুরাগী একজন অকৃত্রিম বন্ধুকে। ঢাকার স্থাপত্যবিষয়ক গ্রন্থ প্রণয়ন কমিটির কাজের অংশ হিসেবে ফাদার সিলভানো তেজগাঁও গির্জা এবং নারিন্দা খ্রিস্টান কবরস্থানের ল্যাটিন ভাষার শিলালিপিগুলোর পাঠোদ্ধার করেন। পৃথিবীর বিভিন্ন শহর খুঁজে ভেনিস শহরের আর্মেনীয় মঠের একজন সন্যাসীর মাধ্যমে তিনি এ পাঠোদ্ধার করে অনুবাদকর্ম সম্পন্ন করেন। ঢাকার ইতিহাস চর্চায় তার অসামান্য অবদান স্মরণীয় হয়ে থাকবে।

উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

ফাদার সিলভানো গারেল্লো ইতালির ভালদাগনো শহরে ১৯৩৮ সালের ৩১ ডিসেম্বর জন্মগ্রহণ করেন। ১৯৭০ সালে তিনি বাংলাদেশে আসেন। এরপর থেকে ফাদার সিলভানো ৪০ বছরের বেশি সময় ধরে বাংলাদেশে অবস্থানকালে বাংলা ভাষায় রচনা, অনুবাদ ও গ্রন্থনা করেছেন নানা উল্লেখযোগ্য গ্রন্থ। তার প্রকাশিত বইয়ের সংখ্যা প্রায় দুই শতাধিক।

উল্লেখ্য, ফাদার সিলভানো গারেল্লো গত ১৭ জানুয়ারি ২০১৭ মোহাম্মদপুরের জেভেরিয়ান হাউজে মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর। তাকে খুলনায় সমাহিত করা হবে।

## অধ্যাপক শাহাবুদ্দিন খানের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ



ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের প্রাক্তন অধ্যাপক শাহাবুদ্দিন খান-এর মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক শাহাবুদ্দিন খান শিক্ষক হিসেবে বিশ্ববিদ্যালয় পরিবারের সাথে যুক্ত থেকে নিষ্ঠার সাথে তাঁর দায়িত্ব পালন করেছেন এবং তিনি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমে বিশেষ ভূমিকা রেখেছেন। বিশ্ববিদ্যালয় পরিবার তাঁকে সবসময় স্মরণ রাখবে। উপাচার্য তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক শাহাবুদ্দিন খান ১৯৬২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে প্রভাষক হিসেবে যোগদান করেন এবং ১৯৯৪ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অবসর গ্রহণ করেন।

উল্লেখ্য, অধ্যাপক শাহাবুদ্দিন খান গত ১৬ জানুয়ারি ২০১৭ সোমবার বার্ধক্যজনিত কারণে মিরপুর পল্লবীতে নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী ও তিন ছেলেসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

## মাহবুবুল হক শাকিলের স্মরণ সভা

ঢাবি স্যার এ এফ রহমান হল অ্যালামনাই এসোসিয়েশনের উদ্যোগে সম্প্রতি টিএসসি মিলনায়তনে এক স্মরণ সভা অনুষ্ঠিত হয়। স্যার এ এফ রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো: আফতাব উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত স্মরণ সভায় বক্তব্য রাখেন অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান, বিশিষ্ট সাংবাদিক আবুল কালাম আজাদ, আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আহম্মদ হোসেন, ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন, হাবিবুল্লাহ মজুমদার, অধ্যাপক মো: মোখলেছুর রহমান মুক্তাদির, লিয়াকত সিকদার, কামাল পাশা চৌধুরী, শাবান মাহমুদ, শরিফুজ্জামান শরিফ, বেগ শাহিন জাহান, মো: মাহফুজুর রহমান, এ্যাডভোকেট মো: আনিসুর রহমান সরকার লিটু প্রমুখ। সভায় বক্তারা মাহবুবুল হক শাকিলের বিদেহী আত্মার শান্তি কামনা করে বলেন, তিনি জীবনের শেষ দিন পর্যন্ত বঙ্গবন্ধুর আদর্শে অবিচল ছিলেন। স্বৈরাচার বিরোধী গণতান্ত্রিক সংগ্রামে তাঁর ভূমিকা ছিল অনন্য। শিল্প-সাহিত্য-সাংস্কৃতিক অঙ্গণেও ছিল তাঁর দৃপ্ত পদচারণা।

# বিভিন্ন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০১৬-২০১৭

## কবি জসীম উদ্‌দীন হল

কবি জসীম উদ্‌দীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৭ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। এ সময় কবি জসীম উদদীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. রহমত উল্লাহসহ হলের আবাসিক শিক্ষক, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের মাস্টার্সের ছাত্র মো. হাবিবুল্লাহ ও ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মো. আল-আমিন ইসলাম যৌথভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, বিশ্ব ধর্ম ও সংস্কৃতি বিভাগের ৩য় বর্ষের ছাত্র মো. গোলামুর রহমান রানার আপ হয়েছেন।

## জিয়াউর রহমান হল

মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের ৩০তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৬ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রতিযোগিতার উদ্বোধন করেন। প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। এ সময় মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জিয়া রহমানসহ হলের আবাসিক শিক্ষক, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র জাকারিয়া সোলায়মান চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, দর্শন বিভাগের ৩য় বর্ষের ছাত্র হাসিব হাসান এবং একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র আব্দুল্লাহ আল-মুবিন যৌথভাবে রানার আপ হয়েছেন।

## জহুরুল হক হল

শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৯ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এ সময় শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. দেলোয়ার হোসেনসহ হলের আবাসিক শিক্ষক, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় আলমগীর হোসেন চ্যাম্পিয়ন হয়েছেন এবং মো: রেজাউল ইসলাম ও মো: সাইদুল ইসলাম যৌথভাবে রানার আপ হয়েছেন।

## অমর একুশে হল

অমর একুশে হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২১ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। পুরস্কার বিতরণ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। এ সময় অমর একুশে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আনোয়ারুল ইসলামসহ হলের আবাসিক শিক্ষক, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় প্রাণিবিদ্যা বিভাগের ৩য় বর্ষের ছাত্র মো. আল-মোহায়মিন শোভন চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের ৩য় বর্ষের ছাত্র মো. সাইফুল ইসলাম রাসেল রানার আপ হয়েছেন।

## সূর্যসেন হল

সূর্যসেন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২২ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সূর্যসেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল। পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। এ সময় সূর্যসেন হলের আবাসিক শিক্ষক, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন। উল্লেখ্য, মোট ২০টি ইভেন্টের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

খেলায় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মো. আল-আমীন চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, নাট্যকলা বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মো. এহসানুল আবেদীন রানার আপ হয়েছেন।

## হাজী মুহম্মদ মুহসীন হল

হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৩ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। এ সময় হাজী মুহম্মদ মুহসীন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়াসহ আবাসিক শিক্ষক, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১ম বর্ষের ছাত্র মো. জামান উল্লাহ চ্যাম্পিয়ন এবং একই বিভাগের ৩য় বর্ষের ছাত্র আলা-আলীউলা হোসেন রানার আপ হয়েছেন।

## বঙ্গবন্ধু হল

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৪ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। খেলার উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। পুরস্কার বিতরণ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। এ সময় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মো. মফিজুর রহমানসহ হলের আবাসিক শিক্ষক, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় ইতিহাস বিভাগের মাস্টার্সের ছাত্র আব্দুল মান্নান ও ইসলামিক স্টাডিজ বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মো. হামিদুর রহমান যৌথভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ৩য় বর্ষের ছাত্র মো. রাকিব রানা রানার আপ হয়েছেন।

## শহীদুল্লাহ হল

শহীদুল্লাহ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৫ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। পুরস্কার বিতরণ করেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন। এ সময় শহীদুল্লাহ হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো: আইনুল ইসলামসহ হলের আবাসিক শিক্ষক, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় ভূতত্ত্ব বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র মেহেদী আহমেদ ও পরিসংখ্যান বিভাগের মাস্টার্সের ছাত্র মো. আল-আমিন যৌথভাবে চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, উদ্ভিদবিজ্ঞান বিভাগের ৪র্থ বর্ষের ছাত্র হারুন অর রশিদ রানা রানার আপ হয়েছেন।

## আন্তঃহল অ্যাথলেটিকস্

ঢাবি ৪৮তম 'আন্তঃহল অ্যাথলেটিকস্ প্রতিযোগিতা-২০১৭'-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ৩০ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দু'দিনব্যাপী এই বর্ণাঢ্য প্রতিযোগিতার উদ্বোধন করেন।

পরদিন এই প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয় অ্যাথলেটিকস্ কমিটির সভাপতি অধ্যাপক ড. মো. নিজামুল হক ভূইয়ার সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। অনুষ্ঠানে বিভিন্ন হলের প্রভোস্ট, আবাসিক শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক, কর্মকর্তা ও বিপুল সংখ্যক প্রতিযোগী উপস্থিত ছিলেন।

এই প্রতিযোগিতায় ছাত্র বিভাগে জগন্নাথ হল এবং ছাত্রী বিভাগে রোকেয়া হল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে। এছাড়া, ছাত্র বিভাগে সূর্যসেন হল এবং ছাত্রী বিভাগে বাংলাদেশ কুয়েত মৈত্রী হল রানার আপ হয়েছে।

## ফজলুল হক মুসলিম হল

ফজলুল হক মুসলিম হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৪ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ। এ সময় ফজলুল হক মুসলিম হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. হারুনুর রশিদসহ হলের আবাসিক শিক্ষক, বিভিন্ন হলের প্রাধ্যক্ষ ও বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

খেলায় পদার্থ বিজ্ঞান বিভাগের ছাত্র ফয়সাল আহম্মদ চ্যাম্পিয়ন হয়েছেন। এছাড়া, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগের ছাত্র মো. আরাফাত হোসেন রানার আপ হয়েছেন।



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৪ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। ছবিতে উপাচার্যকে মশাল প্রজ্জ্বলন করতে দেখা যাচ্ছে।



অমর একুশে হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২১ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন। ছবিতে উপাচার্যকে খেলা উপভোগ করতে দেখা যাচ্ছে।



সূর্যসেন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২২ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



হাজী মুহম্মদ মুহসীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৩ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



কবি জসীম উদদীন হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ১৭ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন করেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় বার্ষিক "আন্তঃহল ভলিবল প্রতিযোগিতা-২০১৭"-এর উদ্বোধনী অনুষ্ঠান গত ২ ফেব্রুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) ও স্পোর্টস বোর্ডের সভাপতি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভলিবল কমিটির চেয়ারম্যান এবং টেলিভিশন, ফিল্ম ও ফটোগ্রাফি বিভাগের অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া।



মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের ৩০তম বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৬ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।



শহীদুল্লাহ হলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা গত ২৫ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

# উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

## জাতিসংঘের আবাসিক সমন্বয়কারী

বাংলাদেশস্থ জাতিসংঘ আবাসিক সমন্বয়কারী এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচীর আবাসিক প্রতিনিধি রবার্ট ডি. ওয়াটকিন্স গত ২৯ জানুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় জেনোসাইড স্টাডিজ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. দেলোয়ার হোসেন এবং আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা জেনোসাইড স্টাডিজ সেন্টারের পিচ অবজারভেটরি প্ল্যাটফর্মসহ বিশ্ববিদ্যালয়ের নানা বিষয়ে আলোচনা করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা উন্নয়নে সহযোগিতার বিষয়ে উভয়ে মতবিনিময় করেন। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর বিভিন্ন কার্যক্রমের প্রতি আগ্রহ প্রকাশ করায় অতিথিকে ধন্যবাদ জানান।

সাক্ষাতের পূর্বে জেনোসাইড স্টাডিজ সেন্টারের উদ্যোগে উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে পিচ অবজারভেটরি প্ল্যাটফর্ম-এর কার্যক্রম সম্পর্কে এক ধারণাপত্র উপস্থাপন করা হয়। ধারণাপত্র উপস্থাপন করেন জাতিসংঘ উন্নয়ন কর্মসূচীর গবেষণা সহযোগী সিদ্ধার্থ গোস্বামী।

## জাপানী জীবপ্রযুক্তি বিশেষজ্ঞ

জাপানের আইওয়াতে বিশ্ববিদ্যালয়ের প্ল্যান্ট বায়োসায়েন্স বিভাগের সহযোগী অধ্যাপক এবং ইন্টারন্যাশনাল এ্যাফেয়ার্স শাখার কো-অর্ডিনেটর ড. আবিদুর রহমান গত ২ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ নূরুল ইসলাম এবং প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. জেবা ইসলাম সেরাজ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের আইওয়াতে বিশ্ববিদ্যালয় ও সাসকাতেওয়ান বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও উচ্চতর গবেষণা কার্যক্রম নিয়ে আলোচনা করেন। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক ও গবেষক বিনিময়ের ওপর তারা গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় উদ্ভিদ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ নূরুল ইসলাম, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. জেবা ইসলাম সেরাজ এবং অণুজীব বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মো: মনজুরুল করিম ইতোপূর্বে জাপান সফরকালে উল্লিখিত বিশ্ববিদ্যালয়ে যৌথ পিএইচডি গবেষণা কার্যক্রম পরিচালনার প্রাথমিক আলোচনার বিষয়ে বৈঠকে উপাচার্যকে অবহিত করেন।

## যুক্তরাজ্যের প্রতিনিধিদল

যুক্তরাজ্যের ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৭ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের সদস্যরা হলেন ব্যারিস্টার মো: আবু সাঈদ এবং চার্টার্ড সাইকোলজিস্ট ড. জহিরুন্নেসা সাঈদ। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় এডুকেশনাল এন্ড কাউন্সিলিং সাইকোলজি বিভাগের অধ্যাপক ড. শাহীন ইসলাম ও অধ্যাপক মেহজাবীন হক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ে কাউন্সিলিং সাইকোলজি বিষয়ক শিক্ষার উন্নয়নসহ নানা বিষয়ে আলোচনা করেন। প্রতিনিধি দলের সদস্যরা এক্ষেত্রে সহযোগিতা প্রদানে আগ্রহ প্রকাশ করেন।

## জার্মান প্রতিনিধিদল

জার্মানীর হামবোল্ট ইউনিভার্সিটির অধ্যাপক ড. ফ্রাঙ্ক রিজবেক-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৭ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- এসভেন রিজবেক, আলেকজান্ডার কাইজার এবং ড. মো: জিল্লুর রহমান।

এসময় অন্যদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় শক্তি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো: সাইফুল হক, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক ড. শেখ আবদুস সালাম এবং আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের সহযোগী অধ্যাপক ওবায়দুল হক উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জার্মানীর হামবোল্ট ইউনিভার্সিটি-এর মধ্যে নবায়ণযোগ্য শক্তি, কৃষি, অব্যবহৃত শক্তি ব্যবস্থাপনা এবং স্যানিটেশন বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এ বিষয়ে শিগ্‌গিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারে তারা ঐকমত্য প্রকাশ করেন।



জার্মানীর হামবোল্ট ইউনিভার্সিটির অধ্যাপক ড. ফ্রাঙ্ক রিজবেক-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৭ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।



চার্টার্ড সাইকোলজিস্ট ড. জহিরুন্নেসা সাঈদের নেতৃত্বে যুক্তরাজ্যের ২-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল গত ৭ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্য হলেন ব্যারিস্টার মো: আবু সাঈদ।



জাপানের আইওয়াতে বিশ্ববিদ্যালয়ের প্ল্যান্ট বায়োসায়েন্স বিভাগের সহযোগী অধ্যাপক এবং ইন্টারন্যাশনাল এ্যাফেয়ার্স শাখার কো-অর্ডিনেটর ড. আবিদুর রহমান গত ২ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

# ঢাবি এবং আইসিসিআর-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর



ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'হিন্দি চেয়ার' প্রতিষ্ঠার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশন্স (আইসিসিআর)-এর মধ্যে গত ১০ জানুয়ারি ২০১৭ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। বিশ্ব হিন্দি দিবস উদ্‌যাপন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটে আয়োজিত এক অনুষ্ঠানে এই সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এবং বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই কমিশনার হর্ষবর্ধন শ্রিংলা নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

এসময় আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. ইফফত আরা নাসরীন মজিদসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং ঢাকাস্থ ভারতীয় হাইকমিশনের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিগ্‌গিরই 'হিন্দি চেয়ার' প্রতিষ্ঠা করা হবে। প্রতিবছর ভারতের একজন বিশেষজ্ঞ অধ্যাপক এই চেয়ারের জন্য নিযুক্ত হবেন। ১ বছর মেয়াদে দায়িত্ব পালনকালে তিনি আধুনিক ভাষা ইনস্টিটিউটে পরিচালিত হিন্দি ভাষা কোর্সের সম্প্রসারণ, আধুনিকায়ন এবং শিক্ষা ও গবেষণার উন্নয়নে কাজ করবেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বঙ্গবন্ধুর ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবসে সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাই-কমিশনারকে ধন্যবাদ জানান। তিনি বলেন, এই সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে বাংলা ও হিন্দি ভাষার মধ্যে যোগাযোগ বাড়বে এবং বাংলাদেশ ও ভারতের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরও নিবিড় হবে।



ফ্রান্সে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং ইউনেস্কোর স্থায়ী প্রতিনিধি এম শহিদুল ইসলাম গত ৮ ফেব্রুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

# লাটভিয়ার রিগা টেকনিক্যাল ইউনিভার্সিটি'র সঙ্গে ঢাবি'র সমঝোতা স্মারক স্বাক্ষর



শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে আন্তর্জাতিক সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং লাটভিয়ার রিগা টেকনিক্যাল ইউনিভার্সিটি'র মধ্যে গত ২৬ জানুয়ারি ২০১৭ এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং রিগা টেকনিক্যাল ইউনিভার্সিটি'র ডেপুটি রেক্টর অধ্যাপক ইগোরস্ টিপান্স নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটের পরিচালক ড. কাজী মুহাইমিন-আস-সাকিব, লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো: আফতাব আলী শেখ, রসায়ন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নীলুফার নাহার, রোবোটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক লাফিফা জামাল, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান এবং রিগা টেকনিক্যাল ইউনিভার্সিটি'র বৈদেশিক শিক্ষার্থী বিভাগের উপ পরিচালক জেন পুরলরা উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে ছাত্র ও শিক্ষক বিনিময় করা হবে। এছাড়া, দুই বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণামূলক প্রকাশনা এবং তথ্য-উপাত্ত আদান-প্রদান করবে। সফট্‌ওয়্যার ইঞ্জিনিয়ারিং, তথ্য প্রযুক্তি, লেদার টেকনোলজি, ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, কেমিস্ট্রি ও মেটারিয়াল সায়েন্সসহ বিভিন্ন বিষয়ে তারা যৌথ গবেষণা কার্যক্রম পরিচালনা করবে।



বাংলাদেশস্থ জাতিসংঘ আবাসিক সমন্বয়কারী এবং জাতিসংঘ উন্নয়ন কর্মসূচীর আবাসিক প্রতিনিধি রবার্ট ডি. ওয়াটকিন্স গত ২৯ জানুয়ারি ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।



ঢাকা বিশ্ববিদ্যালয় আধুনিক ভাষা ইনস্টিটিউটের বাংলা-ভাষা সংক্ষিপ্ত-কোর্সের শিক্ষার্থীদের সনদপত্র ও নম্বরপত্র বিতরণী অনুষ্ঠান গত ২৩ জানুয়ারি ২০১৭ ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ১৫জন চীনা শিক্ষার্থীর মাঝে সনদপত্র বিতরণ করেন। ছবিতে অতিথিদের সাথে সনদপত্রপ্রাপ্ত শিক্ষার্থীদের দেখা যাচ্ছে।



বর্ণাঢ্য আয়োজনে ১ ফেব্রুয়ারি ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয় সরস্বতী পূজা। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক দিনব্যাপী বিভিন্ন হলের পূজা মণ্ডপ পরিদর্শন করেন। ছবিতে কবি সুফিয়া কামাল হলের পূজা মণ্ডপ পরিদর্শনকালে উপাচার্যকে পূজা উপলক্ষে প্রকাশিত স্মারক সংকলনের মোড়ক উন্মোচন করতে দেখা যাচ্ছে।



বৈচিত্র্য-বহুত্বের ঐকতানে, এসো মিলি সর্বপ্রাণে' প্রতিপাদ্য নিয়ে ইনস্টিটিটিউট ফর এনভায়রনমেন্ট এন্ড ডেভেলপমেন্ট (আইইডি)-এর আয়োজনে ২৮ জানুয়ারি ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলা অনুষদের বকুলতলায় 'আদিবাসী সাংস্কৃতিক উৎসব'র সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ছবিতে উপাচার্যকে প্রধান অতিথির বক্তব্য প্রদান করতে দেখা যাচ্ছে।



সাইকেল লেন দিবস পালন উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে সাইক্লিং এবং হাঁটাবান্ধব করার দাবিতে গত ১২ জানুয়ারি ২০১৭ বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশ থেকে এক সাইকেল র‍্যালির উদ্বোধন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই এসোসিয়েশন, বাংলাদেশ এনভায়রনমেন্ট নেটওয়ার্ক, বাংলাদেশ পরিবেশ আন্দোলন, বাংলাদেশ সাইকেল লেন বাস্তবায়ন পরিষদসহ ১৪টি প্রতিষ্ঠানের উদ্যোগে অনুষ্ঠিত র‍্যালির উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। ছবিতে উপাচার্যকে সাইকেলযোগে ক্যাম্পাস প্রদক্ষিণ করতে দেখা যাচ্ছে।

# ঢাবি এবং আইসিএবি-এর মধ্যে সমঝোতা স্মারক

বাংলাদেশে একাউন্টিং শিক্ষা ও চার্টার্ড একাউন্টেন্সি পেশা উন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ এবং ইনস্টিটিউট অব চার্টার্ড একাউনট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি)-এর মধ্যে গত ৩০ জানুয়ারি ২০১৭ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন এবং আইসিএবি'র সভাপতি আদিব হোসেন খান এফসিএ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।



নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোঃ আব্দুল হাকিম, বিভাগের প্রাক্তন চেয়ারম্যান অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, অধ্যাপক ড. মাহফুজুল হক, আইসিএবি'র সহ-সভাপতি মাহমুদুল হাসান খসরু প্রমুখ উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় আইসিএবি'র প্রফেশনাল প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের বিবিএ ও এমবিএ শিক্ষার্থীরা কয়েকটি পত্রের পঠন-পাঠন থেকে অব্যাহতি পাবে। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং আইসিএবি একাউন্টিং, ফিন্যান্স ও বিজনেস বিষয়ে অভিজ্ঞতা বিনিময় এবং যৌথ প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য আইসিএবি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। এই উদ্যোগ ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের পেশাগত দক্ষতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন। সমাজের সর্বত্র জবাবদিহিতার সংস্কৃতি গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে তিনি বলেন, দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। সাধারণ মানুষের কাছে দায়বদ্ধ থাকার জন্য তিনি চার্টার্ড একাউনট্যান্টসদের প্রতি আহ্বান জানান।

# জগন্নাথ হল ট্রাস্ট ফান্ড বৃত্তি পেলেন ১০ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হলের ১০জন মেধাবী শিক্ষার্থী 'জগন্নাথ হল ট্রাস্ট ফান্ড বৃত্তি' লাভ করেছেন। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ২৫ জানুয়ারি ২০১৭ উপাচার্য দফতর সংলগ্ন লাউঞ্জে আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন। কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত বৃত্তি প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জগন্নাথ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. অসীম কুমার সরকার, আবাসিক শিক্ষক অধ্যাপক ড. বিমান চন্দ্র বড়ুয়া, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, বিশ্ববিদ্যালয়ের প্রধান মেডিক্যাল অফিসার ডা. এ কে এম আব্দুর রহমান প্রমুখ।



বৃত্তি প্রদান অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, বৃত্তির টাকাটা বড় ব্যাপার নয়, স্বতন্ত্রভাবে স্বীকৃতি পাওয়াটাই বড় কথা। অনেকগুলো বিষয়কে প্রাধান্য দিয়ে এটি নির্ধারণ করা হয়েছে। ভবিষ্যতে ট্রাস্ট ফান্ড-এর টাকা বৃদ্ধি পেলে মেধাবী কিন্তু অসচ্ছল শিক্ষার্থীদের জন্য বৃত্তির টাকার পরিমাণও বৃদ্ধি করা যাবে। উপাচার্য হলের ছাত্র হিসেবে জগন্নাথ হলের ইতিহাস ও ঐতিহ্য স্মরণ রেখে শিক্ষার্থীদের সমাজে ও রাষ্ট্রে নিজেদের ভূমিকা রাখার আহ্বান জানান।

বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেনঃ তুলশী চন্দ্র দাস, বি.এস (সম্মান) ১ম বর্ষ, তথ্য ও প্রযুক্তি ইনস্টিটিউট; অভিষেক হীরা, বি.এস.এস (সম্মান) ১ম বর্ষ, সমাজকল্যাণ ইনস্টিটিউট; লিপ্টন কুমার মন্ডল, বিবিএ (সম্মান) ১ম বর্ষ, ব্যবস্থাপনা বিভাগ; প্রশান্ত বালা, বি.এ (সম্মান) ১ম বর্ষ, ভাষাবিজ্ঞান বিভাগ;. মাধব কুমার, বি.এ (সম্মান) ১ম বর্ষ, সংস্কৃত বিভাগ; মনিলাল সাহা, বিবিএ (সম্মান) ১ম বর্ষ, ব্যবস্থাপনা বিভাগ; মাধব রায়, বি.এ (সম্মান) ১ম বর্ষ বাংলা বিভাগ; মানিক চন্দ্র দাস, বি.এ (সম্মান) ১ম বর্ষ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ; জয়ন্ত মৃধা, এলএলবি ১ম বর্ষ, আইন বিভাগ এবং সবুজ কুমার, বিবিএ (সম্মান) ১ম বর্ষ, ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ।

# অধ্যাপক একেএম আব্দুল মান্নান ট্রাস্ট ফান্ড গঠন

ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগ এবং ফলিত গণিত বিভাগে "অধ্যাপক একেএম আব্দুল মান্নান ট্রাস্ট ফান্ড" গঠন করা হয়েছে। এই ট্রাস্ট ফান্ড গঠনের লক্ষ্যে প্রয়াত অধ্যাপক একেএম আব্দুল মান্নানের মেয়ে এবং ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণিবিদ্যা বিভাগের সহযোগী অধ্যাপক ড. জান্নাতুল ফেরদৌস ১০ লাখ টাকার একটি চেক গত ১২ জানুয়ারি ২০১৭ কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের কাছে হস্তান্তর করেন।



উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মণ্ডল, ফলিত গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোঃ আব্দুস ছামাদ এবং ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগ এবং ফলিত গণিত বিভাগের দু'জন অসচ্ছল মেধাবী শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এই অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। প্রয়াত অধ্যাপক একেএম আব্দুল মান্নানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উপাচার্য বলেন, দেশের গণিত শিক্ষা ও গবেষণা উন্নয়নে তিনি অনন্য অবদান রেখে গেছেন। তার আদর্শ অনুসরণের মাধ্যমে দক্ষ গণিতবিদ হিসাবে গড়ে ওঠার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, অধ্যাপক একেএম আব্দুল মান্নান সরকারী কলেজের গণিত বিভাগের শিক্ষক ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। ২০০৭ সালে তিনি ইন্তেকাল করেন। তার ৩ ছেলে-মেয়ের সবাই সমাজে সুপ্রতিষ্ঠিত।

# ঢাবি এবং এমিরেটস্ এয়ারলাইন-এর মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

ঢাকা বিশ্ববিদ্যালয় এবং দুবাইভিত্তিক সংযুক্ত আরব আমিরাতের এমিরেটস্ এয়ারলাইন-এর মধ্যে গত ২৪ জানুয়ারি ২০১৭ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন এবং বাংলাদেশে এমিরেটস্ এয়ারলাইন-এর এরিয়া ম্যানেজার খালিদ আলী জে. হাসান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন।



উপাচার্য দফতরে আয়োজিত এই সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক, বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, এমিরেটস এয়ারলাইনস-এর সেল্স ম্যানেজার ঈসমাইল ভূঁইয়া, ট্রিউন গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক কাজী ওয়াহিদুল আলম, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মোঃ এনামউজ্জামানসহ বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষক এবং এমিরেটস্-এর উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় এমিরেটস্ এয়ারলাইন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারীদের টিকেটের মূল্যে বিশেষ ছাড় প্রদান করবে। এক বছর মেয়াদী এই চুক্তি ১ ফেব্রুয়ারি ২০১৭ সাল থেকে কার্যকর হয়েছে। তবে এই চুক্তি যে কোন পক্ষ যে কোন সময় যে কোন কারণে ৩০ দিন পূর্বে লিখিত নোটিশ প্রদান করে বাতিল করতে পারবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা এবং কর্মচারীদের জন্য টিকেটের মূল্যে বিশেষ ছাড় প্রদানে এই সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য এমিরেটস্ এয়ারলাইন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

**সম্পাদকঃ মাহমুদ আলম,** উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদকঃ মোঃ রফিকুল ইসলাম পান্না, সম্পাদনা সহকারীঃ নুরুন্নাহার বেগম, মোঃ নজরুল ইসলাম ও তাওহিদা খানম, ফটো সাংবাদিকঃ আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোনঃ ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫